

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর
৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
তারিখ: ৫৮৯৫১১৪০
Website: www.bncc.gov.bd

০৪ অগ্রহায়ণ ১৪২৫

২৩.০৬.০০০০.০০০.১১.০১০.১৬-৪৫

১৮ নভেম্বর ২০১৮

বিএনসিসি অধিদপ্তরের ২০তম গ্রেডের ০৩ (তিন) ক্যাটাগরির পদে মৌখিক পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী।

১। বিএনসিসি অধিদপ্তরের ২০তম গ্রেডের ০৩ (তিন) ক্যাটাগরির পদে (নিরাপত্তা প্রহরী, মালী ও পরিচ্ছন্নতাকর্মী) মৌখিক পরীক্ষা আগামী ২৩/১১/২০১৮ খ্রি: তারিখ সকাল ০৮০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল প্রার্থীকে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

ক। মৌখিক পরীক্ষা বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তর, ৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকায় অনুষ্ঠিত হবে।

খ। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল প্রকার মূল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র) সংগে আনতে হবে। এছাড়াও সকল প্রকার মূল সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ছায়ািলিপি ও সদ্য তোলা ০২ কপি রঞ্জিন ছবি কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

গ। নিরাপত্তা প্রহরী ও মালী পদে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নতুন কোন Admit Card ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার Admit Card-ই মৌখিক পরীক্ষার Admit Card হিসেবে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই Admit Card সংগে আনতে হবে।

ঘ। পরিচ্ছন্নতাকর্মী পদে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য (<http://bncc.teletalk.com.bd>) ওয়েব সাইট থেকে Admit Card ডাউনলোড করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

ঙ। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় Online-এ আবেদনকৃত আবেদন ফরম এর Applicant's Copy (রঞ্জিন ছবিসহ) কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

চ। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য/পরীক্ষার ফলাফল বিএনসিসি অধিদপ্তরের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.bncc.gov.bd)-এ পাওয়া যাবে।

২। যোগ্য প্রার্থীদের উপরোল্লিখিত নির্দেশনা অনুযায়ী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মো: আহসানুল হাসান

মেজর

উপপরিচালক (প্রশাসন) ও

সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর